

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৭৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

باب الوسوسة – الفصل الأول

আরবী

وَعَنْ بِنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ لِلشَّيْطَانِ لَمَّةً بِابْنِ آدَمَ وَلِلْمَلِكِ لَمَّةً فَأَمَّا لَمَّةُ الشَّيْطَانِ فَأَيُّعَادُ بِالْشَّرِّ وَتَكْذِيبُ بِالْحَقِّ وَأَمَّا لَمَّةُ الْمَلِكِ فَأَيُّعَادُ بِالْخَيْرِ وَتَصْدِيقُ بِالْحَقِّ فَمَنْ وَجَدَ ذَلِكَ فَلْيَعْلَمْ أَنَّهُ مِنَ اللَّهِ فليحمد اللهَ وَمَنْ وَجَدَ الْآخَرَى فَلْيَتَعَوَّذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ثُمَّ قَرَأَ (الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُمُ بِالْفَحْشَاءِ)

(الآية)

أَخْرَجَهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

৭৪-[১২] ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সকল মানুষের ওপরই শায়ত্বনের (শয়তানের) একটি ছোঁয়া রয়েছে এবং একইভাবে মালায়িকাহ'রও (ফেরেশতাগণেরও) একটি ছোঁয়া আছে। শায়ত্বনের (শয়তানের) ছোঁয়া হলো, সে মানুষকে মন্দ কাজের দিকে উৎসে দেয়, আর সত্যকে মিথ্যায় প্রতিপন্ন করে। অপরদিকে মালায়িকার ছোঁয়া হলো, তারা মানুষকে কল্যাণের দিকে উৎসাহিত করে, আর সত্যকে প্রতিষ্ঠিত করে। সুতরাং যে লোক মালায়িকার উৎসাহ-উদ্দীপনার অবস্থা নিজের মধ্যে দেখতে পায়, তখন তার মনে করতে হবে, এটা আল্লাহর পক্ষ থেকে হচ্ছে, আর এ কারণে সে যেন আল্লাহর শুকরিয়া আদায় করবে। পক্ষান্তরে যে ব্যক্তি নিজের মধ্যে দ্বিতীয় অবস্থা, অর্থাৎ- শায়ত্বনের (শয়তানের) ওয়াস'ওয়াসাহ্ পায় সে যেন অভিশপ্ত শায়ত্বন (শয়তান) থেকে আল্লাহর নিকট আশ্রয় চায়। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সমর্থনে (কুরআনের আয়াতটি) পাঠ করলেন (অনুবাদঃ) "শায়ত্বন (শয়তান) তোমাদেরকে অভাব-অনটনের ভয় দেখিয়ে থাকে এবং অশ্লীলতার আদেশ করে থাকে"- (সূরাহ্ আল বাক্বারাহ্ ২: ২৬৮)। (তিরমিযী; ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি গরীব)[১]

English

Chapter: Evil Promptings - Section 2

Ibn Mas'ud reported God's messenger as saying, "The devil draws near to man, and so does the angel. The devil's approach consists of promise of what is evil, and denial of what is true, whereas the angel's approach consists of promise of what is good and confirmation of what is true. When anyone experiences the latter, let him know that it comes from God and let him praise God; but if he experiences the other, let him seek refuge in God from the accursed devil." Then he recited, "The devil promises you poverty and urges you to iniquity." *

Tirmidhi transmitted it, and said this is a gharib tradition.

* Quran. 2:268.

ফুটনোট

[1] যঈফ : তিরমিযী ২৯৮৮, যঈফুল জামি' ১৯৬৩। কারণ এ হাদীসের সানাদে 'আত্বা ইবনু সাযিব নামক একজন মুযত্বরিব রাবী রয়েছেন যিনি হাদীস বর্ণনায় উলট-পালট করেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَمَّةُ الشَّيْطَانِ) অর্থাৎ- শায়ত্বনের (শয়তানের) মাধ্যমে অন্তরে যে সব দুষ্কর্মের চিন্তা হয়। (لَمَّةُ الْمَلِكِ) মনের মধ্যে যে সমস্ত ভালো কাজের চিন্তা জাগে।

যার অন্তরে ভালো কাজের চিন্তা জাগবে সে যেন মনে করে এটা আল্লাহর পক্ষ থেকে দয়া ও বড় একটি নি'আমাত যা তার নিকট পৌঁছেছে ও তার ওপর অবতীর্ণ হয়েছে। অতএব সে যেন অবহিত হয় যে, এটা তার অন্তর্ভুক্ত যা আল্লাহ পছন্দ করেন এবং তার প্রতি তিনি সন্তুষ্ট। অতএব যে ব্যক্তি এই নি'আমাত পাবে সে যেন আল্লাহর প্রশংসা করে এই হিদায়াত ও কল্যাণের পথের কারণে।

আর শায়ত্বনের (শয়তানের) ওয়াস্‌ওয়াসাহ্ হলে বিভাড়িত শায়ত্বন (শয়তান) থেকে আল্লাহর নিকট আশ্রয় চাইতে হবে। কারণ শায়ত্বনও আল্লাহরই নিয়ন্ত্রণে। তিনি শায়ত্বনকে কিছু মানুষের ওপর প্রভাব বিস্তার করার সুযোগ দিয়েছেন মাত্র।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54632>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন